৩৮

দৈনিক ইত্তেফাক
দৈনিক ইত্তেফাক

তারিখ ... 12 JUN 1994
পৃষ্ঠা ৬ কলাম ৫

# বর্তমান সরকার শিক্ষাখাতকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়াছে

........................ প্রধানমন্ত্রী

বাসস ।। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলিয়াছেন, উন্নয়নের ধারা ত্বরান্বিত এবং দারিদ্র্য মোচনের লক্ষ্যে মানব সম্পদ উন্নয়নের জন্য বর্তমান সরকার শিক্ষাখাতকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়াছে। বাজেটে সবচেয়ে বেশী অর্থ বরাদ্দ করিয়াছে। প্রধানমন্ত্রী শুক্রবার রাতে তাহার সুগন্ধা অফিসে খুলনা জেলা ও সিটির বিভিন্ন কলেজ সংসদে নবনির্বাচিত ছাত্র নেতাদের উদ্দেশে বক্তৃতাকালে এই কথা বলেন। পররাষ্ট্র মন্ত্রী এ এস এম মোস্তাফিজুর রহমান এই সময় উপস্থিত ছিলেন। হুইপ আশরাফ হোসেন, বি এন পি নেতা এ, কে এম জিয়াউদ্দিন, খুলনা সিটি বি এন পি সভাপতি এম নজরুল ইসলাম, সাধারণ সম্পাদক মঞ্জুরুল ইসলাম, ডাকসু সহ-সভাপতি সম্পাদক খায়রুল কবির খোকন, ছাত্রদল সভাপতি ফজলুর হক মিলন, সাধারণ সম্পাদক নাজিমুদ্দিন আলম এবং

( ৬ষ্ঠ পৃঃ দ্রঃ )

## প্রধান মন্ত্রী

(৩য় পৃঃ পর)

বিভিন্ন কলেজের নবনির্বাচিত ছাত্র নেতারাও বক্তৃতা করেন। নবনির্বাচিত ছাত্র নেতাদের স্বাগত জানাইয়া বেগম খালেদা জিয়া বলেন, সারাদেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র সংসদ নির্বাচনে জাতীয়তাবাদী ছাত্র দলের প্রার্থীরা বিজয়ী হইতেছে

কারণ ছাত্র সম্প্রদায় ও পাশাপাশি জনগন উভয়েরই ছাত্রদল ও বি এন পি'র প্রতি বিশ্বাস রহিয়াছে। তিনি বলেন, দেশের জনগণ শান্তি ও নিরাপত্তা চায়।

দেশের উন্নয়ন নির্বিঘ্নে চালাইয়া যাইতে শান্তি ও স্থিতিশীলতা নিশ্চিত করিতে ছাত্রদল ও বিএনপি'র সদস্যদেরকে জনগণের সহিত হাতে হাত মিলাইয়া কাজ করিতে হইবে। বেগম খালেদা জিয়া ক্যাম্পাসে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখিতে সহায়তা করিবার জন্য ছাত্রদের প্রতি আহ্বান জানান।